

## রাস্তা

-দেবজ্যোতি আচার্য্য

এ শহরের সব রাস্তা রোমে শেষ হয় না  
স্বপ্নের পাইরেসি হয় ঘুমের ফিল্মসিটিতে  
রীতিনীতির ট্রাফিকে আটকে পড়ে ইচ্ছেগড়ি  
ধূয়ো উড়ার, বৃষ্টি পড়ে  
বুকে ছেদ করে বাস্তবের তরবারী।  
তাই, কাকা দাড়ি কমা দেখে চলতে হয়  
স্বপ্নের বানান অশুদ্ধ লিখতে হয়।  
দিন যায়, রাত্রি যায় মনে হয় শহর খুব চেনা  
চেনা মনে হয় শহরে তাসমান ইচ্ছের কনা  
এটাই তো ভুল।  
কারণ, এতে চেনার কোন মজা নেই-  
তাই, এ শহরের সব রাস্তা রোমে শেষ হয় না।  
ধূলোপড়া টেবিলের বক্ষিত কোণয় সুরক্ষিত  
তোমার স্বপ্নের ডাইরী  
তাতে নাকি জোনাকিদের স্বাধীনতার কাহিনী আছে  
মেঘের ডাকে আকাশের কান্নার কাহিনী আছে  
কত রঙ্গ কত উৎসাহ কত প্রচেষ্টা আছে  
টিরঙ্গ ! টিরঙ্গ !  
বাস্তবের কল আসল স্বপ্নের স্ক্রীনে।  
অনেক সময় কথার পর নিস্তব্দের ছায়া পড়ল স্বপ্নের গায়ে  
জিঙ্কস করলাম, আজও পালিয়ে যাবি।  
আর বলবি, এ শহরের সব রাস্তা রোমে শেষ হয় না।

